# কী সেবা কীভাবে পাবেন

## ৪। বার্ষিক বাজেট অনুমোদন:

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০৫ | ১. জেলা সমবায় কার্যালয়<br>২. সমবায় অধিদপ্তর | বার্ষিক বাজেট অনুমোদন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | যেসকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সেসকল সমবায় সমিতির বার্ষিক বাজেট নিম্নলিখিত পদ্ধতিতে অনুমোদন করা হয়:<br>**ক) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে**<br>সমিতির প্রস্তাবিত বাজেট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের পর উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সভার কার্যবিবরণীসহ নিবন্ধক, সমবায় অধিদপ্তর বরাবর আবেদন দাখিল করা হয়। প্রস্তাবিত বাজেট যাচাই-বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট অফিস ও সমিতির কর্তৃপক্ষের নিকট প্রেরণ। | ৩-৭ কর্মদিবস | বিনামূল্যে | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক ও জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| | | | ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | **খ) কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে**<br>সমিতির প্রস্তাবিত বাজেট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের পর তা চূড়ান্ত অনুমোদনের জন্য সভার কার্যবিবরণীসহ উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বরাবর দাখিল করতে হয়। উপজেলা সমবায় অফিসার পর্যালোচনা করে মন্তব্যসহ জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করেন। প্রস্তাবিত বাজেট যাচাই-বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট সমবায় অফিস ও সমিতির কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। | | | | |